

স্বগীয়

খতবান চক্ৰবৰ্তী

চিত্রগুপ্ত কি হে যুবক, চশমা চোখে... ? এই যে !

হাঁ হাঁ তুমি ।

এদিক পানে এসেছো যে

ছেড়ে জন্মভূমি ?

বয়েস তো নিতান্ত কম

চুল তো সবই কাঁচা;

এরই মধ্যে ভাঙলে কেন

জীবন সুধার খাঁচা ?

যুবক : কি যে করি !

বাঁচলাম অনেক, মরতে হোল সাধ !

ভাবলাম যাই স্বর্গ ঘুরি,

মর্ত্য দিয়ে বাদ ।

কাজ কম্ব চুকে গেছে

নেই তো কোনো ল্যাঠা,

বাবা বলতেন দিন - রাত্তির

“মর ওরে তুই ব্যাটা” ।

চিত্রগুপ্ত : আহা ! এতো বেজায় বিপদ !

কি যে মতি গতি !!

এমনি যদি সবাই ভাবে

মুশকিল যে অতি !

আজকাল কি এমনি ধারাই

মর্ত্যে চলছে নাকি ?

মরতে যাওয়ার সহজ পথে

জীবনকে দেয় ফঁকি ?

যুবক : আমি দাদা মরলাম শ্রেফ

কান্ড আরো কত !

মরতে যাওয়ার পন্থা নিয়ে

কেতাল শত শত ।

মরার জন্য ব্যস্ত সবাই, রোজই লোকে মরছে ।

মরতে যাওয়ার জন্য এখন, অনেকেই প্রেম করছে ।

কেউ বা ডুবছে এগজামিনে,

কেউ বা খোয়ায় চাকরি,

কেউ বা আবার মনের মতন,

পাচ্ছেন না-কো পাত্রী ।

কেউ হয়েছে সর্বস্বান্ত করতে গিয়ে ব্যবসা ।

কেউ বা হেরে রেসের মাঠে কেঁদে কেটে একশা !

কারো বই ছাপা হয়নি,

কেউ বা ছাপতে চায় না ।

মরবে বলে কারণ নিয়ে,

হবেক রকম বায়না ।

চিত্রগুপ্ত : আপনি দাদা মলেন কেন

স্বর্গেতে ভিড় বাঢ়াতে ?

এবার তো যা দেখছি

আমরাই পারব না আর দাঁড়াতে !

ত্রিশটি বছৰ পৰমায়

বেশীক্ষণ আৱ দাঁড়াবেন না,

এবার দেব বসতে ।

আপনিও কি প্ৰেমে দাগা ?

ব্যবসায় হারা লক্ষ্মী ?

কানে কানে বলতে পারেন

জানবে না কাক - পক্ষী ।

যুবক : একটাই ভাই লাগলো না যে

ভুল বল্লেন সব-ই ।

আসল কথা বলছি শুনুন,

আমি একজন কবি ।

শৰৎ কিম্বা রবি তো নই...

স্বর্গে আনব ছন্দ ।

নিজেই তাই ঘুৰতে এলাম

হৃদয় করে বন্ধ ।

দেখেছি বেশ ফিরব এবার,

লিখতে হবে কাব্য

জোৱ করে ভাই তাড়াবেন না

বলবেন না অশ্বাব্য ।

এপিটাফ

চান্দ্ৰেয়ী দে

মাতাল তৱণী বইতে

একি বিপুল লেখনী তুলেছো, অসাড় সৱোবৱে

তোমার গানের ধৰনি মৰ্মৰ তোলে

এমন স্পৰ্ধা নাই ।

দূৰতৱ দীপে যা আলিঙ্গন তিমিৰ সন্তুব

তাৱে দৃতিময় কৱে

কে এই জীবনীকাৰ নিজেকে পোশাকেৱ মতন উলটে নিয়েছে

ছিমূল রস্তমাংসগান ফাঁকা ভাঙা দোয়াতদান

ছড়িয়ে ছিটিয়ে কালি

পাতা আছে গালিচাৰ মতো ।

এ কল্পনা কাৱ ?

ও নগৱী কে এই তৱণী বায় ?

কাৱ লেখনীৰ টানে জলেৱ দুৰ্বল তলে হাঁপ ধৱে, আঁচড়ে শ্বাসেৱ শব্দ ।

মাতাল তৱণী বাইতে,

এ কি বিপুল লেখনী তুলেছো,

ওগো কবি,

পাথৱেৱ সৱোবৱে,

তোমার বৈঠা ভাসে ।